

সহকারী পরিচালকের দপ্তর, সিলেট এর অধিনস্ত কার্যালয়ের সাথে বিভিন্ন কার্যক্রমের উপর ফেব্রুয়ারী-২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি

: মো: শফিকুল ইসলাম ভূঞা  
সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট ও টিম প্রধান

সভার তারিখ ও সময়

: ১৯/০২/২০২২ খ্রিঃ ও ১১:০০ ঘটিকা।

স্থান

: সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর  
সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ফায়ার স্টেশনের বিভিন্ন কার্যক্রমের উপর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	গাড়ী রেজিস্ট্রেশন করণ	সে সকল দপ্তর/স্টেশনের গাড়ী/ প্রকল্প গাড়ী রেজিস্ট্রেশন সংক্রান্ত সমস্যা রয়েছে সেগুলি সমাধানের জন্য স্ব-শরীরে সংশ্লিষ্ট বিআরটি অফিসসহ অন্যান্য দপ্তরে যোগাযোগ করে রেজিস্ট্রেশন করণের ব্যবস্থা করতে হবে।	উপ সহকারী পরিচালক ও সিনিয়র/স্টেশন অফিসার সকল
২.	ওয়েব সাইট হালনাগাদ করন	প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলী সুনির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে। এতদবিষয়ে অব্যবহিত উর্ধ্বতন কার্যালয় নিয়মিত ডিজিট পূর্বক মনিটরিং করতে হবে।	উপ সহকারী পরিচালক
৩.	বিভিন্ন তথ্যাদির রেজিস্টার চালু, হালনাগাদ ও সংরক্ষণ	এ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.৪০.১৪৬.১৭-২৫, তারিখ:-০৩/০১/২০২২ মোতাবেক সকল দপ্তর/স্টেশন সমূহে বিভিন্ন তথ্যাদির রেজিস্টার সমূহ চালু, হালনাগাদ ও সংরক্ষণ করতে হবে।	উপ সহকারী পরিচালক এবং সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার
৪.	ফায়ার সার্ভিসের ফোন/মোবাইল নং সংযোজন	নতুন লাইসেন্স ও লাইসেন্স নাবায়নে স্ব স্ব এলাকার ফায়ার সার্ভিসের নম্বর সংযোজনের জন্য নির্দেশ প্রদান করা হলো।	ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল
৫.	প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদূর্ঘটনা ও উদ্ধার কাজের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত নিয়মিত সাজসরঞ্জামাদির ব্যবহারবিধি অনুশীলন বৃদ্ধি করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক সাজ-সরঞ্জামাদির বিষয়ে নিয়মিত সতেজকরণ, এপিএ, ইনোভেশন, শুদ্ধাচার, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে জন প্রতি ন্যূনতম ৬০ ঘন্টা প্রশিক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপ সহকারী পরিচালক

৬.	কর্ম-পরিবেশ উন্নয়ন	কর্ম-পরিবেশ উন্নয়ন ও বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতি সফলভাবে মোকাবিলার জন্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপ সহকারী পরিচালক
৭.	ফায়ারম্যান স্যুট পরিধানসহ বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন	এ দপ্তরের আওতাধীন সকল ফায়ার স্টেশনে অফিসার ও ফায়ারফাইটারদেরকে ফায়ারম্যান স্যুট পরিধানসহ বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	উপ সহকারী পরিচালক এবং সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ—

মোঃ শফিকুল ইসলাম ভূঞা  
সহকারী পরিচালক  
ফোন-০২৯৯৬৬৪৩৩০।

স্মারক নং-৫৮.০৩.৬০৯১.০০২.০৫.১৮৮.১৬-৪৬৫ (৬৮)


তারিখঃ ২০/১১/১৪২৮  
২৬/১১/২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

**বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)**

- ১। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ২। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
- ৩। ওয়ার হাউজ ইন্সপেক্টর-১/২/৩/৪/৫/৬, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ৪। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..... (সকল)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।

  
মোঃ শফিকুল ইসলাম ভূঞা  
সহকারী পরিচালক  
ফোন-০২৯৯৬৬৪৩৩০।